গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০২.১৩.৩০১.১৭-৪০৯০ তারিখঃ ১ অগ্রহায়ণ ১৪২৫ / ১৫ নভেম্বর ২০১৮

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের **রাজস্বখাতে** নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (যা দপ্তরের www.ccie.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (পি এ) (১২৫০০-৩০২৩০) গ্রেড-১১ | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৮০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ৫০ শব্দ;<br>(ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৩০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ২। | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর (১১৩০০-২৭৩০০) গ্রেড-১২ | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৮০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ৫০ শব্দ;<br>(ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৩০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ৩। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (১১০০০-২৬৫৯০) গ্রেড-১৩ | ০২ (দুই) টি | (ক)কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) সাঁট-লিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৭০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ৪৫ শব্দ;<br>(ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ৩০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ৪। | উচ্চমান সহকারী (১০২০০-২৪৬৮০) গ্রেড-১৪ | ১৭ (সতের) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; |
| ৫। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬ | ৩৫ (পঁয়ত্রিশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা;<br>(গ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজী সর্বনিম্ন ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৬। | ড্রাইভার (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬ | ০২ (দুই) টি | (ক) অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসহ হালকা অথবা ভারী যানবাহন চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৭। | অফিস সহায়ক (৮২৫০-২০০১০) গ্রেড-২০ | ৫৩ (তেপান্ন) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. ০১/১২/২০১৮ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

২. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ccie.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৯ নভেম্বর ২০১৮খ্রি: সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০ ডিসেম্বর ২০১৮খ্রি: বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১ থেকে ৬ নং পদের জন্য ১১২/-(একশত বার) টাকা এবং ক্রমিক নং-৭ এর জন্য ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS: CCIE<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: CCIE<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ccie.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত **User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে CCIE<space>Help<space>User<space>User ID Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: CCIE<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.

৩. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নিদিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সকল সনদের ফটোকপি করে এক সেট দাখিল করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ইস্যুকৃত কোটা দাবীর সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মূল সনদের কপি দেখাতে হবে।

৫. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৬. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৭. আবেদনপত্রে নিজ জেলা সংক্রান্ত ও অন্যান্য ভুল তথ্য পরিবেশন করা হলে এবং যে কোন পর্যায়ে তা প্রমাণিত হলে সংশ্লিষ্টকে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরিচ্যুতিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন ।

৯. বিজ্ঞাপনে উল্লেখিত পদ/পদসমূহের চূড়ান্ত নিয়োগের সময় সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(মনিরুজ্জামান খান)
উপ-নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব
নিয়োগ কমিটি
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর
ফোন-৯৫৫০২৮৯।
dc.ho@ccie.gov.bd